গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৩০.১৪.৩৪৯ তারিখ-০৪ বৈশাখ ১৪২৪/১৭ এপ্রিল ২০১৭।

বিষয়ঃ ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দুর্নীতি একটি সামাজিক ব্যাধি। দেশের উন্নয়ন, দারিদ্র্য বিমোচন,মানুষের অধিকার প্রতিষ্ঠা, আইনের শাসন, গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ, সুশাসন প্রতিষ্ঠা ও সার্বিকভাবে জাতীয় উন্নয়নে দুর্নীতি একটি বড় প্রতিবন্ধক। বাংলাদেশের সংবিধানের আলোকে গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠা, মানবাধিকার নিশ্চিতকরণ, নাগরিকদের স্বাধীনতা, সমাজে সততা ও ন্যায় বিচার প্রতিষ্ঠায় বাংলাদেশ সরকার বদ্ধ পরিকর। বর্তমান সরকার ভিশন-২০২১ এর মাধ্যমে দুর্নীতি নির্মূলসহ প্রশাসনের সর্বস্তরে সরকারী ও বেসরকারী পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় অঙ্গীকারাবদ্ধ। ঔপনিবেশিক আমল হতে বর্তমান সময় পর্যন্ত প্রণীত আইনে দুর্নীতিমূলক অপরাধের শাস্তির বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু সময়ের সাথে সাথে সকলের কাছেই এটি প্রতিয়মান যে, দুর্নীতির বিরুদ্ধে শাস্তিমূলক যত কঠোর আইনই প্রণয়ন করা হোক না কেন, এর বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধি করা ব্যতীত এবং গণকর্মচারীদের ভিতর দুর্নীতি বিরোধী মানসিকতা তৈরী করা ব্যতীত দুর্নীতি নির্মূল করা সম্ভব নয়। এ সকল প্রেক্ষাপটে দুর্নীতি দমনের পাশাপাশি দুর্নীতি প্রতিরোধকমূলক কার্যক্রম পরিচালনার আবশ্যকতা রয়েছে।

০২। ইদানিং ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের বিভিন্ন অফিস বিশেষ করে ইউনিয়ন/মহানগর ভূমি অফিস, উপজেলা সেটেলমেন্ট অফিস, সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব সার্কেল কার্যালয়সমূহ এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে পত্র-পত্রিকায় বিভিন্ন রকমের দুর্নীতির সংবাদ প্রকাশিত হতে দেখা যায়। এতে করে ভূমি মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল অফিসের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে। এ সকল বিষয় বিবেচনায় নিয়ে সমাজে দুর্নীতির কুফল, এর শাস্তি ইত্যাদি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ ভূমি অফিসের সংগে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ এবং সচেতনতা বৃদ্ধি করা জরুরি।

০৩। বর্ণিতপ্রেক্ষাপটে, তাঁর আওতাধীন সহকারী কমিশনার (ভূমি)/ রাজস্ব সার্কেল, উপজেলা সেটেলমেন্ট অফিস এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/মহানগর ভূমি অফিসে টিম গঠন করে নিয়মিত কর্মকান্ড মনিটরিং, কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দুর্নীতির কুফল, আইনের আওতায় শাস্তিসমূহের বিবরণ তুলে ধরা সহ উক্ত অফিসসমূহ পরিদর্শনকালে স্থানীয় জনগণের সাথে এসব বিষয় নিয়ে মত বিনিময় করা, ভূমি অফিসের কার্যাবলী সম্পর্কে ধারনা প্রদান করা, অফিসসমূহে ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণসহ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, সিটিজেন চার্টার অফিসে সঠিক জায়গায় ঝুলিয়ে রাখা এবং সে অনুযায়ী সেবা প্রদান নিশ্চিতকরণের ম্যাধমে দুর্নীতি প্রতিরোধে ভূমিকা পালনের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

০১। বিভাগীয় কমিশনার, (সকল)।
০২। জোনাল সেটেলমেন্ট অফিসার, (সকল)।
০৩। জেলা প্রশাসক, (সকল)।

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৩০.১৪.৩৪৯/৩(৫) তারিখ-০৪ বৈশাখ ১৪২৪/১৭ এপ্রিল ২০১৭।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:
০১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর,তেজগাঁও,ঢাকা।
০২। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়(ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)

১৭/৪/১৭
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২